

# দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা অহম্মদুল হোসেন মাসিক মিয়া

## ভাণ্ডারিয়ায় জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উপলক্ষে র্যালি সভা ও মেলা

🕒 ০৮ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মিঃ



ভাণ্ডারিয়া (পিরোজপুর) সংবাদদাতা

ভাণ্ডারিয়ায় গতকাল বুধবার জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন উপলক্ষে সকালে উপজেলা প্রশাসন ও প্রাথমিক অধিদপ্তরের যৌথ উদ্যোগে স্থানীয় বিভিন্ন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক শিক্ষার্থীদের হাতে “মানসম্মত শিক্ষা শেখ হাসিনার দীক্ষা” এ প্রতিপাদ্য সংবলিত ব্যানার, প্লেকার্ডসহ উপজেলা পরিষদ চত্বর থেকে এক এক বর্ণাঢ্য র্যালি বের করে বাসস্ত্যান্ড কালিমা চত্বর হয়ে স্থানীয় বিহারী স্কুল মাঠে শেষ হয়ে স্কুল মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক শাহীন আক্তার সুমীর সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান আতিকুল ইসলাম উজ্জল তালুকদার, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. জালাল উদ্দিন খান, সহকারী শিক্ষা অফিসার ফারহানা আফরোজ, মিজানুর রহমান, হারুন অর রশিদ, ইউপি চেয়ারম্যান খান এনামুল করিম পান্না, প্রধান শিক্ষক আ. রাজ্জাক হাওলাদার, সহকারী শিক্ষক মো. ওমর ফারুক ও শিক্ষার্থী মো. হাসান আহম্মেদ প্রমুখ।

পরে ৬৮নং সরকারি প্রাথমিক বিদ্যালয় মিলনায়তনে শিক্ষা মেলার উদ্বোধন ও স্টল পরিদর্শন করেন অতিথিবৃন্দ।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত